আমি সালাতে দাঁড়াই এবং সেটাকে লম্বা করতে চাই, কিন্তু বাচ্চার কান্নার শব্দ শুনতে পাই। তাই আমার সালাত দ্রুত করি, কারণ তার মাকে কষ্ট দিতে অপছন্দ করি।

আবূ কাতাদাহ ও আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহুমা হতেমারফূ হিসেবে বর্ণিত, “আমি অবশ্যই সালাতে দাঁড়াই এবং সেটাকে লম্বা করতে চাই, কিন্তু ইত্যবসরে বাচ্চার কান্না শুনতে পাই। তাই আমার সালাত দ্রুত সম্পন্ন করি। কারণ তার মাকে কষ্ট দিতে অপছন্দ করি।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইমাম হয়ে জমাআতের সাথে সালাতে যোগদান করেন। তিনি সেটাকে দীর্ঘ করার ইচ্ছা করেন। অতঃপর যখন বাচ্চার কান্না শুনেন তখন তিনি সালাত হালকা করেন।তার অন্তর বাচ্চার সাথে সম্পৃক্ত থাকাতে সালাত লম্বা করলে তার মায়ের কষ্ট হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4249